তারিখ ... 01 JUL 2016 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৬ ......

দৈনিক জনকণ্ঠ

# শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণীকক্ষ দখলের প্রতিবাদে ডিমলায় মানববন্ধন

**স্টাফ রিপোর্টার, নীলফামারী ॥** নুর বিদ্যানিকেতন শিক্ষা প্রতিষ্ঠানের জমিসহ ৭টি ক্লাস রুম প্রভাবশালীরা দখল করে নেয়ার প্রতিবাদে ডিমলা উপজেলা পরিষদ চত্বরে ওই স্কুলের শিক্ষার্থীরা মানববন্ধন করেছে। বৃহস্পতিবার দুপুরে এই মানববন্ধন করা হয়। মানববন্ধন শেষে উপজেলা নির্বাহী কর্মকর্তা রেজাউল করিমকে শিক্ষার্থীরা স্মারকলিপি প্রদান করে। জানা যায় বিদ্যালয়েরে জমির সমস্যার কারণে পরিচালক হারুন অর রশিদের বড়ভাই সহিদুল ইসলাম ২৮ জুন জোরপূর্বক ৭টি ক্লাসরুম সহ ৩১ শতাংশ জমি দখল করে নেয়।

২০০১ সালে শিক্ষা প্রতিষ্ঠানটি ৫১ শতক জমির উপর প্রতিষ্ঠার পর থেকে শিক্ষাকার্যক্রম চলে আসছে। বর্তমানে বিদ্যালয়টিতে ১ম শ্রেণী থেকে ৯ম শেণী পর্যন্ত ৭৮০ শিক্ষার্থী পড়াশোনা করছে।